



সৌদি আরবের আরামকোর তেল শোধনাগারে ড্রোন হামলা



সংগৃহীত ছবি

সৌদি আরবের রাষ্ট্রীয় তেল কোম্পানি সৌদি আরামকো-এর রাস তানুরা তেল শোধনাগারে মানববিহীন উড়োজাহাজের হামলার ঘটনা ঘটেছে। সোমবার (২ মার্চ) মার্কিন সংবাদমাধ্যম ব্লুমবার্গ এক প্রতিবেদনে এ তথ্য জানায়।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া দৃশ্যে শোধনাগারের একটি অংশ থেকে ঘন কালো ধোঁয়া উড়তে দেখা যায়। তবে অল্প সময়ের মধ্যেই আগুন নিয়ন্ত্রণে আনা হয়েছে বলে জানা গেছে।

প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, সৌদি তেলের অবকাঠামো লক্ষ্য করে ইরান এই হামলা চালিয়ে থাকতে পারে। যদিও এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে কোনো পক্ষ এখনো নিশ্চিত বক্তব্য দেয়নি।

রাস তানুরা বিশ্বে অন্যতম বৃহৎ তেল শোধনাগার এবং গুরুত্বপূর্ণ রপ্তানি কেন্দ্র। ঘটনার পর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে শোধনাগারের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।